

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং : আইইআর-২০২৪/১৩৬

তারিখ: ০৭/০৫/২০২৪

পিজিডিএড (বিএড সমমান)-২৫তম ব্যাচ (জুলাই'২০২৪-জুন'২০২৫)

ও

এমএড: ২০২৪-২০২৫ প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি (সাক্ষ্যকালীন)

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে ১ বছর মেয়াদী (দুই সেমিস্টার) পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন এডুকেশন (পিজিডিএড) বিএড সমমান-২৫তম ব্যাচ (জুলাই'২০২৪ থেকে জুন'২০২৫) ও মাস্টার অব এডুকেশন (এম এড) প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ভর্তির ন্যূনতম যোগ্যতা (পিজিডিএড) : (১) প্রার্থীর স্নাতক (পাশ/সম্মান), এইচ.এস.সি ও এস.এস.সি পরীক্ষায় ২য় বিভাগ অথবা ন্যূনপক্ষে জিপিএ/সিজিপিএ ২.৫০ থাকতে হবে। (২) ও লেভেল এবং এ লেভেল পরীক্ষায় পাশ প্রার্থীর ন্যূনতম সি গ্রেড ও তিনটি বিষয় সম্পন্ন থাকতে হবে। (৩) স্নাতক (সম্মান) চূড়ান্ত পরীক্ষায় অবতীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। (৪) মাধ্যমিক অথবা উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৫ বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ১ নং শর্তের যে কোন একটি পরীক্ষার শর্ত শিথিলযোগ্য।

ভর্তির ন্যূনতম যোগ্যতা (এম এড) : (১) পিজিডিএড/বি এড/ সমমানের পরীক্ষায় ২য় শ্রেণী অথবা ন্যূনতম জিপিএ/সিজিপিএ ২.৫০ থাকতে হবে। (২) প্রার্থীর এইচ.এস.সি ও এস.এস.সি পরীক্ষায় ২য় বিভাগ অথবা ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে (২০০১, ২০০২, ২০০৩ সালের এস.এস.সি এবং ২০০৩ সালের এইচ.এস.সি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ প্রার্থীরাও আবেদন করতে পারবেন।) (৩) ও লেভেল এবং এ লেভেল পরীক্ষায় পাশ প্রার্থীর ন্যূনতম সি গ্রেড ও তিনটি বিষয় সম্পন্ন থাকতে হবে।

আবেদনপত্র সংগ্রহ : পিজিডিএড (২৫তম ব্যাচ) ও এম এড কোর্সে ভর্তির জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট অফিসে যথাক্রমে ১,০০০/- ও ১,০০০/- টাকা (অফেরৎযোগ্য) নগদ জমা দিয়ে আবেদনপত্র ০৭/০৫/২০২৪ তারিখ থেকে ২৬/০৫/২০২৪ পর্যন্ত সংগ্রহ করা যাবে।

আবেদনপত্র জমা : প্রার্থীর দুই কপি সত্যায়িত ছবি, সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ পূরণকৃত আবেদনপত্র ২৬/০৫/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

সাক্ষাৎকার : জানানো হবে।

সময় : জানানো হবে।

আসন সংখ্যা : পিজিডিএড (বিএড সমমান): ৫০ টি, এমএড: ৫০টি

পরিচালক

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট

রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রয়োজনে : ০২৫৮৮৮৬৪২১৭

মোবাইল নং-

E-mail: ier@ru.ac.bd